ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

## সংবাদ বিজ্ঞপ্তি

# দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০১২ এর জন্য প্রস্তাবনা আহ্বান করেছে টিআইবি

**ঢাকা, ৩ জুলাই ২০১২:** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) - প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এ দুটি মাধ্যমে দুর্নীতি বিষয়ে অনুসন্ধানী সাংবাদিকতার ক্ষেত্রে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে আগ্রহী সাংবাদিকদের কাছ থেকে প্রস্তাবনা আহ্বান করছে। প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জুলাই ২০১২।

উল্লেখ্য, প্রত্যেক ফেলোকে সম্মানী হিসেবে মোট ১০০,০০০ (এক লক্ষ) টাকা ও সনদ প্রদান করা হবে। ২০১২ সালে নিম্লোক্ত দুইটি শ্রেণীতে অনুসন্ধানী প্রতিবেদনের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। জাতীয় প্রিন্ট মিডিয়া ফেলোশিপ এর ক্ষেত্রে রাজধানী ঢাকা থেকে যে কোন বাংলা ও ইংরেজী দৈনিক সংবাদপত্রে কর্মরত সাংবাদিক এবং ইলেক্ট্রনিক মিডিয়া ফেলোশিপ এর ক্ষেত্রে বিটিভি ও দেশীয় মালিকানাধীন বেসরকারি চ্যানেলসমূহে এবং রেডিও ও অনলাইনে নূন্যতম ৩ বছরের পূর্ণকালীন কর্ম অভিজ্ঞতা সম্পন্ন যাদের বয়স অনধিক ৪০ বছর তারা এই ফেলোশিপ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন।

আবেদনকারীকে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে সর্বোচ্চ ১০০০ শব্দের মধ্যে একটি অনুসন্ধানী প্রতিবেদনের প্রস্তাবনা ও পরিকল্পনা খামের ওপর "দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ ২০১২" উল্লেখপূর্বক আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন বিভাগ, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি), বাড়ি - ১৪১, সড়ক - ১২, ব্লক - ই, বনানী, ঢাকা - ১২১৩ এই ঠিকানায় জমা দিতে হবে। প্রস্তাবনায় নিন্মোক্ত বিষয়ের উল্লেখ থাকতে হবে: প্রতিবেদনের যৌক্তিকতা, লক্ষ্যসমূহ এবং পরিসীমা, পদ্ধতি, মাঠ-কর্মকান্ডের পরিকল্পনা এবং সময়সূচি, ফেলোশিপ কর্মসূচির প্রত্যাশিত ফল এবং সম্ভাব্য বাজেট। আবেদনপত্রের সঙ্গে আবেদনকারী কর্তৃক প্রণীত ও প্রকাশিত/প্রচারিত একটি অনুসন্ধানী প্রতিবেদন জমা দিতে হবে। ডাকযোগে ও ই-মেইলের মাধ্যমে আবেদন করা যাবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর কর্মপ্রতিষ্ঠানের সম্পাদক/নির্বাহী প্রধান এর স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদ ও ফেলোশিপে অংশগ্রহণের অনুমতিপত্র জমা দিতে হবে। আবেদন পত্রের সাথে কাঙ্ক্ষিত তিনজন পরামর্শকের/মেনটরের নাম প্রস্তাব করতে হবে।

টিআইবি ট্রাস্টি বোর্ড কর্তৃক মনোনীত জুরি বোর্ড প্রার্থীর প্রদত্ত সকল তথ্য এবং প্রস্তাবনা ও পরিকল্পনা মূল্যায়ন এবং সাক্ষাৎকারের ভিত্তিতে ফেলো নির্বাচন করবেন। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার বিশিষ্ট অভিজ্ঞ ব্যক্তিত্ব ফেলোদের পরামর্শক হিসেবে কাজ করবেন। দুর্নীতি বিষয়ক অনুসন্ধানী সাংবাদিকতা ফেলোশিপ সর্ম্পকে বিস্তারিত জানতে দেখুন টিআইবি'র ওয়েবসাইট www.ti-bangladesh.org

**গণমাধ্যম যোগাযোগ:**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক-আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২